



এমপিদের বক্তব্য হতে হবে জনগণমুখী: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

এমপিদের বক্তব্য ও সিদ্ধান্ত জনগণমুখী হওয়া উচিত বলে জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শনিবার রাজধানীর আল-ফালাহ মিলনায়তনে জামায়াতের কেন্দ্রীয় মানবসম্পদ বিভাগের আয়োজিত দুই দিনব্যাপী দক্ষতা উন্নয়ন কর্মশালার সমাপনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। 'বাজেট, অর্থনীতি ও জননীতি: সংসদ-সদস্যদের সক্ষমতা উন্নয়ন' শীর্ষক এ কর্মশালায় দলের ৭৭ জন সংসদ-সদস্য অংশ নেন।

তিনি বলেন, আসন্ন বাজেট অধিবেশনে সাধারণ মানুষের অর্থনৈতিক অধিকার রক্ষা এবং কল্যাণমুখী রাষ্ট্র গঠনে এমপিদের কার্যকর ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার ও সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। কর্মশালায় অর্থনীতিবিদ ও নীতিনির্ধারকেরা বিভিন্ন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন।

LENS ASIA